দৈনিক সংবাদ

তারিখ 16 DEC 1993
পৃষ্ঠা ৪ কলাম ৭

৬৯

## শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ

বাংলাদেশের প্রায় শতাধিক থানায় সরকারী স্কুল ও কলেজ রয়েছে। ১৯৯২-৯৩ অর্থবছরে মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় প্রতি থানায় একটি স্কুল ও একটি কলেজ জাতীয়করণের জন্য বাজেটে ১০০ কোটি টাকার সংস্থান রাখেন। জাতীয় সংসদে প্রশ্নউত্তর পর্বে মাননীয় শিক্ষা-মন্ত্রীকে স্কুল ও কলেজ জাতীয়করণের নীতিমালার ব্যাপারে প্রশ্ন উত্থাপন করা হলে তিনি বলেন, যে সমস্ত থানায় সরকারী স্কুল ও কলেজ নেই সেই সমস্ত থানায় স্কুল ও কলেজ জাতীয়করণ করা হবে তাই সরকারের নীতি। এসমস্ত সময় উপযোগী সরকারী সিদ্ধান্তের ফলে গ্রামবাংলার দরিদ্র জনসাধারণ মনে করেছিল যে, তাদের ছেলেমেয়েদের সরকারী শিক্ষায় সম-অধিকার নিশ্চিত হবে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় কিছুদিন আগে একটি জাতীয় দৈনিকে দেখলাম 'সরকার ১৯৯৪ সাল থেকে আর কোন স্কুল ও কলেজ জাতীয়করণ করবেন না। যদি এটা সত্য হয়ে থাকে তবে তা একটি অগণতান্ত্রিক পদক্ষেপ নিঃসন্দেহে। এটি আমাদেরকে দারুণভাবে হতাশ করেছে। শতাধিক থানায় সরকারী স্কুল ও কলেজ থাকলে বাকি থানায় থাকবে না কেন? এসব থানার জনগণ কি অন্যায় করেছে? মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আমার আকুল আবেদন, প্রতি থানায় একটি স্কুল ও কলেজ জাতীয়করণ কার্যক্রম স্থগিত বা বন্ধ না করে ব্যাপকহারে করলে জাতি অবশ্যই উপকৃত হবে।

মোঃ বজলুর রহমান
অধ্যাপক, গণিত বিভাগ
কটিয়াদী কলেজ
জেলাঃ কিশোরগঞ্জ।